দৈনিক খবর 41
তারিখ ... 28 OCT 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# উচ্চ শিক্ষার গুণগতমান উন্নয়নে সরকার বিশ্বাসী ঃ শিক্ষামন্ত্রী

বগুড়া, ২৫শে অক্টোবর (তথ্য বিবরণী)।– শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান সরকার উচ্চ শিক্ষার সুযোগ বৃদ্ধি ও গুণগতমান উন্নয়নের লক্ষ্যে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় ও বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কর্মসূচী হাতে নিয়েছে।

গত শনিবার শিক্ষামন্ত্রী বগুড়া সরকারী আজিজুল হক কলেজে চার কোটি টাকা ব্যয়ে নির্মাণাধীন বিজ্ঞান ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবদুস সাত্তারের সভাপতিত্বে এ অনুষ্ঠানে অর্থ প্রতিমন্ত্রী মজিবুর রমান স্থানীয় জাতীয় সংসদ সদস্য গোলাম মোহাম্মদ সিরাজ, হেলালুজ্জামান তালুকদার ও আজিজুল হক মোল্লা এবং কলেজের ছাত্র সংসদের ভিপি খায়রুল বাশার ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার উচ্চ শিক্ষার গুণগত মান উন্নয়ন ও সম্প্রসারণে বিশ্বাসী। তিনি বলেন, সরকার সেশনজট নিরসনের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে। তিনি বলেন, ঢাকার বাইরে কলেজগুলোতে উন্নত মানের শিক্ষা প্রদানের লক্ষ্যে বাস্তবমুখী কর্মসূচী নেয়া হচ্ছে।

ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান সরকার দেশের ব্যাপক জনগণের কাছে শিক্ষার আলো পৌঁছে দেয়ার লক্ষ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচী বাস্তবায়ন করছে। তিনি শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনা এবং নিরক্ষরতা দূরীকরণে ছাত্র, শিক্ষক ও সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহবানজানান।

পরে শিক্ষামন্ত্রী বগুড়া মহিলা কলেজ ও বগুড়া জিটিআই পরিদর্শন করেন।